

# সমকাল

## ইবি ছাত্রলীগ সভাপতিকে ক্যাম্পাস ছাড়া করল বিরোধীরা

১৩ ঘণ্টা আগে | **Updated** ১৩ ঘণ্টা আগে

---

ইবি প্রতিনিধি

---



ফাইল ছবি

ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখা ছাত্রলীগের সভাপতি রবিউল ইসলাম পলাশকে বিদ্রোহী গ্রুপের কর্মীরা অপমান করে ক্যাম্পাসছাড়া করেছে বলে অভিযোগ উঠেছে।

শনিবার দুপুরে দলীয় টেন্টে এ ঘটনা ঘটে। তবে ওই কর্মীদের বিরুদ্ধে মাদকাসক্তের অভিযোগ তুলেছেন পলাশ।

প্রত্যক্ষদর্শীরা জানান, শনিবার সকালে ১০-১২ জন কর্মী নিয়ে দলীয় টেন্টে অবস্থান করেন সভাপতি রবিউল ইসলাম পলাশ। এ সময় তার অনুসারীরা তার সঙ্গে দেখা করতে আসে। একপর্যায়ে দুপুর ১২টার দিকে বিদ্রোহী গ্রুপের বিপুল খান, শাহজালাল সোহাগ, আল আমিন জোয়ার্দার, জুবায়ের, মোশারফ হোসেন নীলের নেতৃত্বে ৫০-৬০ জন কর্মী টেন্টে আসেন। তখন বিপুল খান সভাপতি পলাশকে উদ্দেশ্য করে বলেন, 'তোমার টেন্টে কী? সম্মান থাকলে চলে যা, নইলে মারব।' এরপর সভাপতি তার কর্মীদের নিয়ে ক্যাম্পাসের বাইরে চলে যান। পরে বিদ্রোহী গ্রুপের নেতা মিজানুর রহমান লালন ও ফয়সাল সিদ্দিকী আরাফাত টেন্টে এলে বিক্ষোভ মিছিল বের করেন তারা।